**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/3/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্যসেবা কর্মীদল শক্তিশালী ও জোরদার করার জন্য চলমান প্রচেষ্টার অংশ হিসেবে প্রায় 1,000 জন নতুন ভবিষ্যত নার্স নির্বাচিত হয়েছেন বলে গভর্নর হোকলের ঘোষণা

***"নার্সেস ফর আওয়ার ফিউচার" বৃত্তি কর্মসূচির বিজয়ীরা 2022 সালের শরতকাল থেকে শুরু করে SUNY বা CUNY-এর ক্যাম্পাসগুলোতে টিউশন পাবে***

***নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্যসেবা কর্মীদল পুনর্গঠন ও বৃদ্ধি করতে এবং স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে শক্তিশালী করতে স্টেট অব দ্যা স্টেটের প্রধান অগ্রাধিকারকে এগিয়ে নিচ্ছে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা দিয়েছেন যে নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্যসেবা কর্মীদল শক্তিশালী ও জোরদার করার জন্য চলমান প্রচেষ্টার অংশ হিসেবে প্রায় 1,000 জন নতুন ভবিষ্যত নার্স নির্বাচিত হয়েছেন। আবেদনকারীদের "নার্সেস ফর আওয়ার ফিউচার (Nurses for Our Future)" বৃত্তি কর্মসূচির বিজয়ী হিসেবে ঘোষণা করা হয়, যেটি নিউ ইয়র্ক স্টেটে রেজিস্টার্ড নার্সদের উচ্চ চাহিদা পূরণ করতে নার্সিং ও স্বাস্থ্যসেবা পেশাজীবীদের নিয়োগ ও ধরে রাখার জন্য তৈরি একটি উদ্যোগ। বিজয়ীরা SUNY বা CUNY কলেজ বা বিশ্ববিদ্যালয় থেকে দুই বছরের নার্সিং বিষয়ক অ্যাসোসিয়েট ডিগ্রি অথবা চার বছরের নার্সিং বিষয়ক ব্যাচেলর অব সায়েন্স ডিগ্রি অর্জনের জন্য টিউশন পাবেন।

"স্বাস্থ্যসেবা ব্যবস্থায় নার্সদের ভূমিকা সবসময়ই অমূল্য ছিল, কিন্তু মহামারী চলাকালীন সময়ে নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখতে এবং জীবন বাঁচাতে তারা কতটা পরিশ্রম করতে আগ্রহী তা বার বার প্রমাণ করে দেখিয়েছেন," **বলেছেন গভর্নর হোকল।** "নিউ ইয়র্ক আমাদের নার্সদের নিয়ে গর্বিত, এবং এই বৃত্তি নিজেদের শিক্ষা ও প্রশিক্ষণ শুরু করার জন্য প্রস্তুত এমন ব্যক্তিদের দিয়ে কর্মীদলকে শক্তিশালী করে তুলতে সুদূরপ্রসারী ভূমিকা রাখবে।"

তার স্টেট অব দ্যা স্টেট ভাষণের সময়ে গভর্নর হোকল পরবর্তী পাঁচ বছরের মধ্যে স্টেটের স্বাস্থ্যসেবা কর্মীদল 20 শতাংশ বৃদ্ধি করার একটি উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য নির্ধারণ করেছেন। বর্তমানে নিউ ইয়র্ক স্টেটে রেজিস্টার্ড নার্সদের 9,300 এর বেশি খালি পদ রয়েছে।

**নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার ম্যারি টি. ব্যাসেট বলেন,** "নার্সরা হলেন স্বাস্থ্যসেবা খাতের মূল ভিত্তি এবং কোভিড-19 মহামারী চলাকালীন সময়ে তারা অত্যন্ত গুরুত্বপূর্ণ সামনের সারির প্রথম সাড়াদানকারী কর্মী হয়ে উঠেছিলেন। এই বৃত্তি কর্মসূচি SUNY ও CUNY-এর সেরা ও মেধাবীদেরকে নিউ ইয়র্ক স্টেটের সেবায় নিয়োজিত করার বিষয়টি নিশ্চিত করবে। নার্সদের এত উচ্চ চাহিদা দেখা দেওয়ার এই সময়ে এই অত্যন্ত গুরুত্বপূর্ণ কর্মসূচিতে বিনিয়োগ করায় আমি গভর্নরকে সাধুবাদ জানাই।"

**নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের (Department of Labor) কমিশনার রবার্টা রিয়ারডন বলেন,** "নার্সরা হলেন আমাদের মূল্যবান স্বাস্থ্যসেবা ব্যবস্থার মেরুদণ্ড। মহামারী কেটে যাওয়ার পরেও স্টেটব্যাপী আমাদের মেডিকেল সিস্টেম যাতে কর্মী দিয়ে পূর্ণ থাকে এবং সব নিউ ইয়র্কবাসীর চাহিদা পূরণের জন্য প্রস্তুত থাকে সে বিষয়টি নিশ্চিত করতে এসব বৃত্তি এই অতি গুরুত্বপূর্ণ কর্মীদলের পাইপলাইন সচল রাখতে সাহায্য করবে। স্বাস্থ্যসেবা খাতের এসব হিরোকে তাদের ক্যারিয়ারের লক্ষ্য অর্জনে সহায়তা করতে সাহায্য করার মাধ্যমে আমরা আগামী বছরগুলোতে একটি অধিকতর নিরাপদ ও আরো বেশি স্বাস্থ্যকর নিউ ইয়র্ক পাওয়া নিশ্চিত করছি।"

**অ্যাসেম্বলি সদস্য ডেবোরা জে. গ্লিক বলেন,** "নার্সরা হলেন স্বাস্থ্যসেবা খাতের মূল ভিত্তি, এবং এটি সুস্পষ্ট যে আমাদের হাসপাতাল ও মেডিকেল অফিসগুলোতে এই দক্ষ ও সহানুভূতিসম্পন্ন সেবাদানকারীদের আরো বেশি প্রয়োজন রয়েছে। নার্সেস ফর আওয়ার ফিউচার এর এই প্রথম কোহর্টে বৃত্তিপ্রাপ্তরা আমাদের SUNY ও CUNY এর স্কুলগুলোতে একটি ব্যতিক্রমী ও টিউশনমুক্ত শিক্ষা পেতে যাচ্ছেন জেনে আমি উচ্ছসিত, এবং ভবিষ্যতে নিউ ইয়র্কবাসীদের সেবা করার জন্য প্রস্তুতি নেওয়ার এই সময়ে আমি তাদের সর্বাত্মক সফলতা কামনা করছি।"

**নিউ ইয়র্ক স্টেটের নার্সেস অ্যাসোসিয়েশনের (Nurses Association) প্রেসিডেন্ট ন্যান্সি হ্যাগান্স, RN, BSN, CCRN বলেন,** "মানসম্মত সেবা নির্ভর করে রোগীদের সেবা করার জন্য বিছানার পাশে পর্যাপ্ত সংখ্যক নার্স থাকার উপর। আরো বেশি সংখ্যক নার্স প্রয়োজন হওয়ার বিষয়টি অনুধাবন করতে পারার জন্য এবং নার্সিং শিক্ষা ও আমাদের চমৎকার পাবলিক বিশ্ববিদ্যালয় ব্যবস্থায় ঐতিহাসিক বিনিয়োগ সম্পন্ন করার জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই। নার্সেস ফর আওয়ার ফিউচার বৃত্তি কর্মসূচি নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোকে অধিকতর নিরাপত্তার সাথে কর্মী নিয়োজিত করতে সাহায্য করার জন্য আরো বেশি সংখ্যক নার্সকে আকৃষ্ট করতে ও প্রশিক্ষণ প্রদান করতে সাহায্য করবে। ভবিষ্যতে সব নিউ ইয়র্কবাসীর জন্য মানসম্মত সেবা পৌঁছে দেওয়ার সমাধানের একটি অংশ হলো এখন নার্সিং কর্মীদলে বিনিয়োগ করা।"

**নিউ ইয়র্ক স্টেটের হায়ার এডুকেশন সার্ভিসেস কর্পোরেশন (Higher Education Services Corporation)-এর প্রেসিডেন্ট ড. গুইলার্মো লিনারেস বলেন,** "নার্সেস ফর আওয়ার ফিউচার বৃত্তি কর্মসূচির বিজয়ীদের অভিনন্দন এবং প্রয়োজনের সময়ে নিউ ইয়র্কবাসীদের পাশে দাঁড়ানোর ব্যাপারে অঙ্গীকারাবদ্ধতার জন্য আপনাদের ধন্যবাদ। গত দুই বছর ধরে নার্সরা কোভিড-19 মহামারীর বিরুদ্ধে লড়াইয়ের সামনের সারিতে থেকেছেন, এবং

আগের যেকোনো সময়ের চেয়ে এখন আমাদের দক্ষ ও মেধাবী নার্সদের বলিষ্ঠ সরবরাহ প্রয়োজন। নার্সদের অথবা স্বাস্থ্যসেবা খাতে ক্যারিয়ার গঠনে আগ্রহীদের জন্য তাদের সুযোগ-সুবিধা সম্প্রসারণ করার এবং নিউ ইয়র্কের বিশ্ব-মানের প্রতিষ্ঠানগুলোতে বিনা টিউশনে তাদের শিক্ষা এগিয়ে নেওয়ার সুযোগ প্রদানের মাধ্যমে নার্স সংকট মোকাবেলা করতে এই গুরুত্বপূর্ণ কর্মসূচি বাস্তবায়ন করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

**SUNY-এর অন্তর্বর্তীকালীন চ্যান্সেলর ডেবোরা এফ. স্ট্যানলি বলেন,** "SUNY ক্যাম্পাসগুলো নিউ ইয়র্ক স্টেটে এবং এর বাইরে স্বাস্থ্যসেবা খাতের হিরোদের নিদারুণ প্রয়োজন পূরণের জন্য সুযোগ-সুবিধা সম্প্রসারণ করছে। স্টেটজুড়ে আমাদের 70টিরও বেশি নার্সিং কর্মসূচি নমনীয়তা, সেরা মানের প্রশিক্ষণ সিমুলেশন ল্যাব, মেন্টরশিপ, এবং মেডিসিন খাতে একটি ফলপ্রসূ ক্যারিয়ারের উন্মুক্ত দ্বার প্রদান করছে। আজকের বৃত্তিপ্রাপ্তদেরকে তাদের স্বপ্নের কাছে পৌঁছানো এবং আমাদের স্টেটের কেয়ারগিভার ও জীবন রক্ষাকারীদের পরবর্তী প্রজন্ম হয়ে উঠার পথ করে দেওয়ার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

**CUNY-এর চ্যান্সেলর ফেলিক্স ভি. মাতোস রডরিগেজ বলেন,** "আমরা নার্সেস ফর আওয়ার ফিউচার বৃত্তি বিজয়ীদের অভিনন্দন জানাই, যাদের মধ্যে অনেকেই অ্যাসোসিয়েট বা ব্যাচেলর ডিগ্রি অর্জনের জন্য এই শরতে CUNY-তে আমাদের সঙ্গে যোগ দিতে যাচ্ছেন। আমাদের 14টি CUNY ক্যাম্পাসে নার্সিং বিষয়ে 50টিরও বেশি আন্ডারগ্র্যাজুয়েট, গ্র্যাজুয়েট এবং সার্টিফিকেট প্রোগ্রাম গর্বের সঙ্গে নিউ ইয়র্কবাসীদের সেবাদান করতে যাওয়া মেডিকেল পেশাজীবীদেরকে শিক্ষাদান করছে। CUNY-এর হাজার হাজার গ্র্যাজুয়েট ও শিক্ষার্থী নিউ ইয়র্কের কোভিডের বিরুদ্ধে লড়াইয়ে সামনের সারিতে থেকে সেবাদান করেছে, এবং স্টেটের বৃহৎ চাহিদা মোকাবেলায় আমরা নিজেদের দায়িত্ব পালন করা অব্যাহত রাখতে প্রস্তুত আছি। নার্সিং এবং আমাদের স্টেটের কল্যাণের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ অন্যান্য খাতের দিকে এগিয়ে যাওয়ার পথটি CUNY-এর মধ্য দিয়ে নিয়ে যাওয়ার ব্যাপারে তার অঙ্গীকারাবদ্ধতার জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

নার্সেস ফর আওয়ার ফিউচার বৃত্তি কর্মসূচির ড্র এর অংশ হওয়ার জন্য অংশগ্রহণকারীরা একটি অনলাইন এন্ট্রি সম্পন্ন করেছিলেন। নিউ ইয়র্ক স্টেটের লাইসেন্সপ্রাপ্ত নার্সদের একটি BSN ডিগ্রি অর্জন করতে, নতুন করে ADN ডিগ্রি অর্জন করতে আগ্রহী নিউ ইয়র্ক স্টেটের অধিবাসীদের, এবং স্টেটের বাইরের লাইসেন্সপ্রাপ্ত নার্সদের মধ্যে যারা নিউ ইয়র্ক স্টেটে স্থানান্তরিত হবেন এবং এখানে অনুশীলন করবেন তাদের একটি BSN ডিগ্রি অর্জনের জন্য এসব বৃত্তি প্রদান করা হয়েছে।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা তাদের প্রোগ্রামটি একটি নমনীয় সময়সূচি অনুযায়ী, খণ্ডকালীন বা পূর্ণকালীন পদ্ধতিতে সম্পন্ন করতে পারবেন। বৃত্তিগুলি চারটি পূর্ণ-সময়ের সেমিস্টারের জন্য পাবলিক কলেজ বা বিশ্ববিদ্যালয় দ্বারা চার্জ করা প্রকৃত টিউশনের খরচ কভার করবে। পূর্ণ-কালীন সময়ের চেয়ে কম সময়ের জন্য অংশগ্রহণকারী বৃত্তিপ্রাপ্তদের জন্য সেগুলো প্রো-রেটেড করা হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418